

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

বিষয়: মা ও শিশু কল্যাণ কেন্দ্র (সদর), ভোলা পরিদর্শন।

গত ২৫.১১.২০২৩ খ্রি: তারিখ সকাল ৯.০০ ঘটিকায় মা ও শিশু কল্যাণ কেন্দ্র (সদর), ভোলা আকস্মিকভাবে পরিদর্শন করি। পরিদর্শনকালে উপপরিচালক (পরিবার পরিকল্পনা), জনাব তাপস কুমার শীল, সহকারী পরিচালক (ক্লিনিক্যাল কন্ট্রোলসেপশন) ও ডিস্ট্রিক্ট কনসালটেন্ট ডা: অচিন্ত্য কুমার ঘোষ এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা: পারভীন বেগম উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:


- ০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মা ও শিশু কল্যাণ কেন্দ্র (সদর), ভোলা
০২। পরিদর্শনের তারিখ ও সময় : ২৫.১১.২০২৩ খ্রি., সকাল-৯.০০ টা
০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন
আলোকে গৃহীত কার্যক্রম : সেবা কার্যক্রম আগের চেয়ে জোরদার করার পদক্ষেপ নেয়া হয়েছে।
০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা :

ক্রম	পদের নাম	অনুমোদিত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা	মন্তব্য
০১	মেডিকেল অফিসার (ক্লিনিক)	০১	০১		
০২	মেডিকেল অফিসার (এ্যানেসথেসিয়া)	০০	০০		পদ নেই। তবে প্রতিষ্ঠানের স্বার্থে পদায়ন প্রয়োজন।
০৩	পরিবার কল্যাণ পরিদর্শক	০১	০৪		৩ জন প্রেষণে কাজ করছেন। এর মধ্যে ১ জন মাতৃত্ব কালীন ছুটিতে আছেন।
০৪	সহকারী নার্সিং এ্যাটেনডেন্ট	০২	০১		১ জন বরিশাল MCWC-তে প্রেষণে কর্মরত আছেন।
০৫	ফিমেল মেডিকেল এ্যাটেনডেন্ট	০১	০১		
০৬	গাড়ি চালক	০১	০১		
০৭	পিয়ন কাম-টোকিদার	০১	০১		
০৮	পরিচ্ছন্ন কর্মী	০১	০১		
০৯	আয়া	০০	০০		
১০	ফিমেল নার্সিং এ্যাটেনডেন্ট	০০	০০		
১১	মিডওয়াইফ	০০	০০		
১২	দাই নার্স	০১	০১		
১৩	অফিস সহায়ক/পরিচ্ছন্নতা কর্মী আউট সোর্সিং কর্তৃক	০২	০২		

- ০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি: কর্মরত সকলে উপস্থিত ছিলেন।



- ০৬। পরিদর্শনকালে কোন Stockholder যদি মতামত/পরামর্শ করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : উপস্থিত সেবা গ্রহীতাদের সাথে কথা বলে জানা যায়, সেবা প্রাপ্তিতে তারা সন্তোষ প্রকাশ করেন।
- ০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ প্রযোজ্য ক্ষেত্রে : প্রযোজ্য নয়
- ০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : সন্তোষজনক
- ০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : প্রতিষ্ঠানটি দ্বি-তল ভবন এবং পুরাতন।
- ১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : ভালো
- ১১। কোন সমস্যা/চাহিদা : এ্যানেসথেটিস্ট পদটি ২০২০ সাল হতে শূন্য। এছাড়া ১জন ফার্মাসিস্ট প্রয়োজন।
- ১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/সুপারিশ) : এ্যানেসথেটিস্ট পদে পদায়ন প্রয়োজন। ২০২০ সাল হতে তৎকালীন এ্যানেসথেটিস্ট অবসরে যাওয়ার পর পদায়ন করা হয়নি। ফার্মাসিস্ট পদ নেই। তবে এ প্রতিষ্ঠানে ১জন ফার্মাসিস্ট প্রেষনে/সংযুক্ত করা হলে স্টোর পরিচালনা ভালোভাবে করা যাবে। অক্টোবর/২৩ মাসে নরমাল ডেলিভারি করা হয়েছে ৬৮টি এবং নভেম্বর ২৪/১১/২৩ পর্যন্ত নরমাল ডেলিভারি করা হয়েছে ৫২টি। প্রাতিষ্ঠানিক নরমাল ডেলিভারির হার ১০০%। সেবা প্রত্যাশীদের সাথে ভালো ব্যবহার এবং যত্নবান হওয়ার জন্য কর্মরত সকলকে পরামর্শ প্রদান করা হয়।



পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর

এ.বি.এম. মুঞ্জুরী আলম
সহকারী সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার